অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে শুক্রবারের প্রচণ্ড ঝড় এবং পরের সপ্তাহের বেশ কিছু দিনের প্রচণ্ড গরমের ব্যাপারে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন

শুক্রবারের ঝড় ভারী বর্ষণ এবং প্রলয়ঙ্কারী দমকা হাওয়া সহ সাউদার্ন টিয়ার, মোহক ভ্যালি, রাজধানী অঞ্চলে এবং মধ্য-হাডসন ভ্যালির অঞ্চলগুলোকে প্রভাবিত করতে পারে

সোমবার থেকে শুরু হয়ে পুরো সপ্তাহ জুড়ে প্রচণ্ড গরম ও আর্দ্রতা থাকবে এবং বুধবার পর্যন্ত "অনুভূত" তাপমাত্রা 100 ডিগ্রী ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে

নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটিতে বিদ্যমান কুলিং সেন্টারগুলো খুঁজুন

স্টেট এজেন্সিগুলো সহায়তার অনুরোধে সাড়াদান করতে প্রস্তুত রয়েছে

সকল নিউ ইয়র্কবাসীকে স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করা উচিত

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদেরকে স্টেট জুড়ে শুক্রবারের বৈরী আবহাওয়া এবং পরের সপ্তাহে আসন্ন তাপদাহের ব্যাপারে জন্য প্রস্তুত থাকার জন্য আহ্বান জানিয়েছেন। শুক্রবার সকাল থেকে শুরু হয়ে একটি ঠাণ্ডা আবহাওয়া বিরাজ করে বজ্রসহ ঝড় হতে পারে, কিছু কিছু এলাকায় ভারী বর্ষণ এবং সম্ভাব্য প্রলয়ঙ্কারী দমকা হাওয়া সাউদার্ন টিয়ার, মোহক ভ্যালি, রাজধানী অঞ্চলে এবং মিড-হাডসন ভ্যালির কিছু অংশে বয়ে যেতে পারে। ঝড়ের কারণে আকস্মিক বন্যা, বিপজ্জনক ভ্রমণ পরিস্থিতি এবং বিদ্যুৎ বিভ্রাট হতে পারে। এছাড়াও গভর্নর হোকল সকল নিউ ইয়র্কবাসীকে সোমবার থেকে শুরু করে এবং সপ্তাহব্যাপী চলতে থাকা প্রচণ্ড গরমের জন্য প্রস্তুত থাকার জন্য আহ্বান করেছেন। সোমবার থেকে স্টেট জুড়ে তাপ ও আর্দ্রতা বৃদ্ধির পূর্বাভাস রয়েছে এবং মঙ্গলবার ও বুধবার "অনুভূত" তাপমাত্রা 100 ডিগ্রী ছাড়িয়ে যেতে পারে।

"নিউ ইয়র্কবাসীদের শীতল এবং নিরাপদ থাকার জন্য এই আগামী সপ্তাহে যতটা সতর্কতা অবলম্বন করা উচিত তা গ্রহণ করতে হবে কারণ তীব্র ঝড়, তাপ এবং আর্দ্রতার সংমিশ্রণ ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য একটি গুরুত্বর স্বাস্থ্য ঝুঁকি তৈরি করবে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন আবহাওয়া পরিস্থিতির উপর নিবিড়ভাবে নজর রাখবে এবং আমরা নিউ ইয়র্কবাসীদেরকে আবহাওয়ার পূর্বাভাস যথাযথভাবে পর্যবেক্ষণ করতে, হাইড্রেটেড থাকতে

এবং এই সময়ের মধ্যে শীতল হওয়ার প্রয়োজন হলে একটি পরিকল্পনা বজায় রাখার আহ্বান জানাচ্ছি।”

নিউ ইয়র্কবাসীদেরকে একটি বিনামূল্যের পরিষেবা NY অ্যালার্টে সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার ব্যাপারে সাইন আপ করার আহ্বান জানানো হয় যা আপনার সেল ফোন বা কম্পিউটারে গুরুত্বপূর্ণ জরুরি তথ্য পৌঁছে দেয়। আবহাওয়ার সতর্কতা এবং পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা পেতে জাতীয় আবহাওয়া পরিষেবা ওয়েবসাইট-এ যান।

এজেন্সির কর্মকাণ্ড

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ

বিভাগের জরুরি ব্যবস্থাপনা অফিস স্থানীয় অনুরূপদের সাথে যোগাযোগ রাখছে এবং সহায়তার অনুরোধের ব্যবস্থা করার জন্য প্রস্তুত আছে। স্টেট মজুদ কর্মীরা আছে এবং প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদান সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)

পরিবহন বিভাগ আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং 3,470 জনের বেশি সুপারভাইজার এবং অপারেটরদের সাথে প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে। বন্যার প্রতিক্রিয়া, চিপার, লোড অ্যান্ড হউল, সিভার জেট, কাট অ্যান্ড টস, ট্রাফিক সিগন্যাল ইত্যাদি সহ কর্মীদের যেকোনো ধরনের প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ক্রুতে কনফিগার করা যেতে পারে। ইভেন্টের পুরো সময়ে এবং অগ্রাধিকারপ্রাপ্ত পরিষ্কার করার কার্যক্রমের সময়ে আক্রান্ত সকল আবাসিক স্থানগুলিতে অপারেটর, সুপারভাইজার এবং মেকানিকসহ বিভিন্ন কর্মীদের নিয়োগ করা হবে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,439টি বড় ডাম্প ট্রাক
- 322টি বিশাল লোডার
- ট্র্যাকযুক্ত ও চাকাযুক্ত 86টি এক্সক্যাভেটর
- 93টি চিপার
- 20টি গ্রেডার
- সিউয়ার জেটসহ 14টি ভ্যাকুয়াম ট্রাক
- 11টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 5টি ডোজার

বাস্তব সময়ের যাত্রার তথ্য পাওয়ার জন্য মোটরচালকদের উচিত 511 নম্বরে ফোন করা বা https://www.511ny.org/#:Alerts ভিজিট করা, এটি নিউ ইয়র্ক স্টেটের ট্র্যাফিক ও যাত্রা তথ্যের সরকারি উৎস।

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)

থ্রুওয়ে কর্তৃপক্ষ ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 670 জন অপারেটর ও সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 350টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 63টি লোডার
- 32টি ট্রেলার
- 7টি ভ্যাক ট্রাক
- 13টি এক্সকেভেটর
- 8টি ব্রাশ চিপার
- 100টি চেইন স
- 19টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 86টি পোর্টেবল জেনারেটর
- 69টি পোর্টেবল লাইট ইউনিট

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও থ্রুওয়েতে সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি জানার জন্য মোটরচালকেরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলগুলির জন্য সাইন আপ করতে এবং X-এ @ThruwayTraffic-কে অনুসরণ করতে পারেন।

জনসেবার বিভাগ (Department of Public Service)

আগামী কিছু দিনের পূর্বাভাসকৃত শীতকালীন আবহাওয়া সিস্টেমের জন্য মেরামত ও পুনঃস্থাপন প্রয়াসে নিযুক্ত হওয়ার জন্য পাবলিক সার্ভিস বিভাগের নিয়ন্ত্রিত ইউটিলিটি কোম্পানিসমূহ স্টেটব্যাপী আনুমানিক 5,500 কর্মীকে প্রস্তুত রেখেছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি কোম্পানিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে। যদি আপনার পরিষেবা বিঘ্নিত হয়, তাহলে পরামর্শের জন্য DPS-এর ইউটিলিটি পরিষেবা বিঘ্নিত হওয়া সম্পর্কিত ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

স্টেট পুলিশ আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনে প্রভাবিত এলাকায় অতিরিক্ত সেনা মোতায়েন করবে। সমস্ত স্টেট পুলিশ ফোর-হুইল ড্রাইভ এবং স্নোমোবাইল, এয়ারবোট এবং ইউটিলিটি টেরেইন যান সহ বিশেষায়িত যানবাহন জড়ো করা হয়েছে এবং প্রয়োজনীয় সরঞ্জাম প্রয়োজন অনুসারে তাৎক্ষণিক সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। সমস্ত জরুরি বিদ্যুৎ এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে এবং যথাযথভাবে কাজ করছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ

DEC জরুরি ব্যবস্থাপনা কর্মী, পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক আছে এবং পরিবর্তনশীল পরিস্থিতি ও আবহাওয়ায় পূর্বাভাস পর্যবেক্ষণ করছে। যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

একজন হাইকারের শারীরিক সক্ষমতা, গন্তব্য বা বছরের যেকোনো সময় ব্যতিরেকে হাইকিং নিরাপত্তা এবং প্রস্তুতির বিষয়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাহাড়ি এলাকার আবহাওয়া পরিস্থিতি হঠাৎ পরিবর্তন হতে পারে এবং সকল ভ্রমণার্থীদের একটি উপভোগ্য ও নিরাপদ অভিজ্ঞতা নিশ্চিত করতে সেই অনুযায়ী প্রস্তুতি গ্রহণ করা উচিত। আপনার হাইকিং শুরু করার আগে স্থানীয় আবহাওয়া পরিস্থিতি জানতে পাহাড়ি এলাকার পূর্বাভাসগুলো যাচাই করে নিন। হাইকিং নিরাপত্তা বিষয়ক অতিরিক্ত তথ্য পাওয়া যায় এখানে https://dec.ny.gov/things-to-do/hiking/hike-smart-ny।

নিউ ইয়র্কবাসীগণ যাতে "বাতাসের গুণগতমান সম্পর্কে সচেতন" থাকে, সেজন্য DEC প্রতিদিন বাতাসের গুণগতমানের পূর্বাভাস জানিয়ে দেয় যাতে করে নিউ ইয়র্কবাসীদের হাতের নাগালেই বাতাসের গুণগতমানের তথ্য থাকে। স্থানীয় বাতাসের গুণগতমান যাচাই করতে, DEC ডেলিভারসের মাধ্যমে বাতাসের গুণগতমানের বিষয়ে সতর্কতা পেতে সাইন আপ করুন DEC ওয়েবসাইট ভিজিট করুন: https://dec.ny.gov/environmental-protection/air-quality/air-quality-index-forecast-current-observations।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম জ্বালানীকৃত, পরীক্ষিত এবং ঝড় মোকাবেলায় ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কে বেড়াতে আসা মানুষের উচিত https://parks.ny.gov/ ভিজিট করা, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি দেখা বা পার্কের সময়, খোলা এবং বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে যোগাযোগ করা।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

তীব্র আবহাওয়ার জন্য প্রস্তুত হন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানি রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

প্রচণ্ড তাপদাহে ঠাণ্ডা থাকা

আপনার বাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকলে, আপনার আশেপাশের পাবলিক লাইব্রেরি, পুল বা মলের মতো বিনামূল্যের স্থানগুলোতে যান:

- আপনার নিকটবর্তী কোনো কুলিং সেন্টার খুঁজে পেতে এখানে ক্লিক করুন।
- নিউ ইয়র্ক সিটিতে এগুলো খুঁজে পেতে NYC কুল অপশন-এ যান।

নিরাপত্তা সংশ্লিষ্ট আরো টিপস পেতে নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সেফটি টিপস দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন